



সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক-এর কার্যালয়

(বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়)

বিসিসি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ০২-৮১৪৪৭৯১, ফ্যাক্সঃ ০২-৯১২৪৬২৬, ওয়েবঃ www.cca.gov.bd, মেইলঃ info@cca.gov.bd

তারিখঃ ১৯/০১/২০১১

প্রেস বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬ এবং তথ্য প্রযুক্তি (সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষ) বিধিমালা ২০১০-এর আলোকে দেশে ডিজিটাল স্বাক্ষর প্রবর্তনের লক্ষ্যে সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ) কর্তৃক গত ১৯ জুলাই ২০১০ তারিখে সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের (সিএ) লাইসেন্স প্রদানের নিমিত্ত আবেদন আহবান করা হয়। আবেদনপত্র দাখিলের শেষ সময় ছিল ২৬ আগস্ট ২০১০। মোট ১২টি প্রতিষ্ঠানের নিকট হতে আবেদন পাওয়া যায়। লাইসেন্স প্রদানের ক্ষেত্রে আবেদনকারী প্রতিষ্ঠানসমূহের আবেদন, সংযুক্ত দলিলাদি, সিএ কার্যক্রম পরিচালনার প্রস্তাব উপস্থাপনা ও বিদ্যমান ভৌত ও কারিগরি সুবিধাদিসহ অন্যান্য বিষয়াদি মূল্যায়ন করা হয়। তৎপ্রেক্ষিতে ১৯ জানুয়ারী ২০১১ তারিখে বর্ণিত ০৬(ছয়)টি প্রতিষ্ঠানকে আনুষ্ঠানিকভাবে লাইসেন্স প্রদান করা হয় :

১. মেসার্স বাংলা ফোন লিমিটেড
২. মেসার্স কম্পিউটার সার্ভিসেস লিমিটেড
৩. মেসার্স ডাটা এজ লিমিটেড
৪. মেসার্স দোহাটকে নিউ মিডিয়া
৫. মেসার্স ফ্লোরা টেলিকম লিমিটেড
৬. মেসার্স ম্যাংগো টেলিসার্ভিসেস লিমিটেড

বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান উক্ত লাইসেন্স প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের মধ্যে লাইসেন্স হস্তান্তর করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিসিএ কার্যালয়ের নিয়ন্ত্রক ও অতিরিক্ত সচিব জনাব মোঃ মাহফুজুর রহমান। লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট ইস্যু করবে।

ডিজিটাল স্বাক্ষর ব্যবহারের বিভিন্ন ক্ষেত্রসমূহ মূলতঃ :

- দেশে ই-প্রক্রিউরমেন্ট, ই-কমার্স, ই-লেনদেন চালুকরণ;
- অনলাইনে আয়করসহ অন্যান্য ফিস প্রদান;
- যেকোন ধরণের নাগরিক সেবা গ্রহণের জন্য অনলাইন আবেদনের ক্ষেত্রে;
- ওয়েব সার্ভার, মেইল সার্ভারসহ অন্যান্য সার্ভারসমূহে সিকিউরিটি সকেট লেয়ার (এসএসএল) ভিত্তিক নিরাপত্তা নিশ্চিতকরণ;
- সরকারী/বেসরকারী দণ্ডরসমূহের মধ্যে পারস্পরিক ডিজিটাল যোগাযোগের ক্ষেত্রে;
- সরকারী দণ্ডরসমূহে পেপারলেস অফিস ও ই-ফাইলিং চালুকরণ;
- ইলেকট্রনিক ডকুমেন্ট স্বাক্ষর, ই-মেইল স্বাক্ষর ইত্যাদি;